চিকিৎসায় অবহেলার কারনে আল্লামা সাঈদীর মৃত্যু হয়েছে:জামায়াত আমিরের বিবৃতি



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমীর, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামী চিন্তাবিদ ও মুফাসসিরে কুরআন আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদী (রাহি.)-এর মৃত্যুবার্ষিকীতে তাঁর অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেছেন দলটির আমীর ডা. শফিকুর রহমান। বুধবার (১৪ আগস্ট) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি তাঁর জীবনের স্বপ্ন—একটি কল্যাণমূলক ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলনে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

বিবৃতিতে ডা. শফিকুর রহমান বলেন, ২০২৩ সালের ১৪ আগস্ট রাতে পিজি হাসপাতালের প্রিজন সেলে চিকিৎসায় অবহেলার কারণে আল্লামা সাঈদীর ইন্তেকাল হয়। কাশিমপুর কারাগার থেকে অসুস্থ অবস্থায় তাঁকে ঢাকায় এনে ভর্তি করা হলেও যথাযথ চিকিৎসা দেওয়া হয়নি। এমনকি তাঁর পরিবারের সদস্যদেরও সাক্ষাতের সুযোগ দেওয়া হয়নি। মৃত্যুর পর ঢাকায় জানাজার অনুমতি না দিয়ে আইনশৃঙ্খলা বাহিনী জনতার ওপর কাঁদানে গ্যাস, সাউন্ড গ্রেনেড ও গুলি চালায়, যাতে বহু মানুষ আহত হয়। পরবর্তীতে তাঁর গ্রামের বাড়ি পিরোজপুরে জানাজা ও দাফন সম্পন্ন হয়।

তিনি বলেন, অর্ধ শতাব্দীরও বেশি সময় ধরে আল্লামা সাঈদী দেশে-বিদেশে কুরআনের তাফসির করেছেন, অসংখ্য ইসলামী গ্রন্থ রচনা করেছেন এবং জাতীয় সংসদ সদস্য ও বিভিন্ন সংসদীয় কমিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাঁর প্রতিষ্ঠিত দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ভবিষ্যতে ইসলামের দাঈ ও মুফাসসির তৈরি হয়ে তাঁর অসমাপ্ত কাজ এগিয়ে নিয়ে যাবে।

জামায়াত আমীর আরও বলেন, “তিনি ছিলেন সত্য ও ন্যায়ের এক নির্ভীক কণ্ঠস্বর, যার কর্মপন্থা ন্যায় ও ইনসাফভিত্তিক আধুনিক কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠায় আমাদের পথ দেখাবে। আল্লাহ তাঁকে জান্নাতুল ফেরদাউসে উচ্চ মর্যাদা দান করুন এবং তাঁর রেখে যাওয়া সংগ্রামের ধারা অব্যাহত রাখার শক্তি দিন।”

বিবৃতির শেষে ডা. শফিকুর রহমান জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্রশিবির এবং দেশবাসীকে আল্লামা সাঈদীর স্বপ্ন বাস্তবায়নে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান